142

দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 1 5 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

## বইয়ের ক্যাটালগ প্রসঙ্গে

একুশের বইমেলা হইতে আগামী প্রকাশনীর বইয়ের ক্যাটালগ দেখিয়া ক্লাস টেনে পড়ুয়া আমার মেয়ে একটি বই কেনে। বইটির নাম 'শহীদ জনক'। লেখক শরীফ খান। বইটি মেয়ের হাতে দেখিয়া আমি অবাক হই। মেয়ে জোরের সহিত বলে, উহা শিশু-কিশোরদের বই এবং আমাকে ক্যাটালগ দেখায়। ক্যাটালগের কিশোর সাহিত্য বিভাগে 'শহীদ জনক' বইটির নাম দেখিতে পাই। অথচ বইটি বড়দের। মুক্তিযুদ্ধের উপন্যাস। পত্র-পত্রিকায় বইটির আলোচনাও আমি দেখিয়াছি, নিজেও পড়িয়াছি। শহীদ চারজন মুক্তিযোদ্ধার চার পিতার বর্তমান অবস্থা লেখক সুন্দরভাবে ফুটাইয়া তুলিয়াছেন ঐ বইতে। আমার প্রশ্ন হইতেছে বইটি কিশোর সাহিত্য হিসাবে ক্যাটালগে উল্লেখ করা হইল কিভাবে?

আহাম্মদ আলী,
সোনালী ব্যাংক, প্রধান কার্যালয়,
মতিঝিল, ঢাকা।